



৫ আগস্ট ‘জুলাই ঘোষণাপত্র’ প্রকাশ করবে অন্তর্বর্তী সরকার



সংগৃহীত ছবি

আসন্ন ৫ আগস্ট বিকেল ৫টায় আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হবে ‘জুলাই ঘোষণাপত্র’। অন্তর্বর্তী সরকার এরই মধ্যে ঘোষণাপত্রের খসড়া চূড়ান্ত করেছে। বিভিন্ন রাজনৈতিক দল, জাতীয় নাগরিক কমিটি ও ছাত্র সংগঠনের সঙ্গে ধারাবাহিক আলোচনা শেষে এ সিদ্ধান্ত নেয়া হয়েছে।

জুলাই বিপ্লব’ ঘিরে তৈরি হওয়া রাজনৈতিক প্রেক্ষাপটের ধারাবাহিকতায় অবশেষে চূড়ান্ত হলো ‘জুলাই ঘোষণাপত্র’। আগামী মঙ্গলবার (৫ আগস্ট) বিকেল ৫টায় এই ঐতিহাসিক দলিলটি জাতির সামনে উপস্থাপন করা হবে বলে শনিবার (২ আগস্ট) এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে অন্তর্বর্তী সরকার।

বিজ্ঞপ্তিতে বলা হয়, গণঅভ্যুত্থানের সব পক্ষের প্রতিনিধিদের উপস্থিতিতেই এ ঘোষণাপত্র প্রকাশ করা হবে। জাতির সামনে একটি ঐক্যবদ্ধ রূপরেখা তুলে ধরতেই এ উদ্যোগ। বিস্তারিত কর্মপরিকল্পনা ঘোষণা অনুষ্ঠানে জানানো হবে।

এর আগে শুক্রবার (১ আগস্ট) রাতে ফেসবুক পোস্টে অন্তর্বর্তী সরকারের তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মাহফুজ আলম এবং এলজিআরডি উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া জানিয়ে দেন—৫ আগস্টের মধ্যেই জুলাই ঘোষণাপত্র প্রকাশ করা হবে।

উল্লেখ্য, ২০২৪ সালের ডিসেম্বর মাসে জাতীয় নাগরিক কমিটি ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের যৌথ উদ্যোগে একটি স্বাধীন ঘোষণাপত্র তৈরির উদ্যোগ নেয়া হয়। ৩১ ডিসেম্বর কেন্দ্রীয় শহীদ মিনারে এর প্রকাশের কথা থাকলেও পরে আন্তঃসংগঠন ঐক্যের ভিত্তিতে অন্তর্বর্তী সরকার সেই দায়িত্ব নেয়। এরপর রাজনৈতিক দলগুলোর সঙ্গে একাধিক বৈঠক হয়, নেয়া হয় তাদের মতামত এবং সেই ভিত্তিতে চূড়ান্ত করা হয় ঘোষণাপত্রের খসড়া।

আগামী ৫ আগস্টের ঘোষণার মধ্য দিয়ে এ দলিলটি রাজনৈতিক সংস্কার ও জাতীয় ঐক্যের একটি ভিত্তি হিসেবে প্রতিষ্ঠিত হবে বলে ধারণা করা হচ্ছে।